

## 97276 - নারীদের কণ্ঠে কুরআন তেলাওয়াত শুনা

### প্রশ্ন

মুসলিম দেশসমূহে অনুষ্ঠিত কুরআনে কারীমের প্রতিযোগিতাগুলোতে নারীদের কণ্ঠে কুরআন তেলাওয়াত শুনার হুকুম কি?

### প্রিয় উত্তর

এ ক্ষেত্রে কোন আপত্তি আছে বলে আমি জানি না; যদি নারীরা আলাদা হয়, পুরুষেরা আলাদা হয়। যদি প্রতিযোগিতার স্থানে নারী-পুরুষের সংমিশ্রণ না থাকে। বরঞ্চ আলাদা আলাদাভাবে হয় এবং নারীরা পুরুষদের থেকে নিজেদেরকে ঢেকে রাখে ও পর্দা করে।

শ্রোতা যদি উপকৃত হওয়ার জন্য ও আল্লাহর বাণী অনুধাবন করার জন্য শুনে এতে কোন আপত্তি নেই। আর যদি নারীদের কণ্ঠস্বর শুনে মজা নেয়ার জন্য শুনে তাহলে সেটি জায়েয হবে না। যদি নিয়ত হয় উপকৃত হওয়া এবং কুরআন শ্রবণের মজা পাওয়া, কুরআন থেকে উপকৃত হওয়া; তাহলে এতে কোন গুনাহ হবে না; ইনশাআল্লাহ।[সমাপ্ত]

শাইখ আব্দুল আযিয বিন বায-এর ফাতাওয়া নুরুন আলাদ দারব (২/১০০)